# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৭৩]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৩৫: ‘আসরের পর সালাত আদায় করা নিষিদ্ধ

## النهي عن الصلاة بعد العصر

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ مَنْصُورٍ، قال: أَنْبَأَنَا آدَمُ بْنُ أَبِي إِيَاسٍ، قال: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ، قال: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، قال: أَخْبَرَنِي أَبُو يَحْيَى سُلَيْمُ بْنُ عَامِرٍ، وَضَمْرَةُ بْنُ حَبِيبٍ، وَأَبُو طَلْحَةَ نُعَيْمُ بْنُ زِيَادٍ، قَالُوا: سَمِعْنَا أَبَا أُمَامَةَ الْبَاهِلِيَّ، يَقُولُ: سَمِعْتُ عَمْرَو بْنَ عَبَسَةَ، يقول: يَا رَسُولَ اللَّهِ، هَلْ مِنْ سَاعَةٍ أَقْرَبُ مِنَ الْأُخْرَى أَوْ هَلْ مِنْ سَاعَةٍ يُبْتَغَى ذِكْرُهَا ؟ قَالَ: نَعَمْ، إِنَّ أَقْرَبَ مَا يَكُونُ الرَّبُّ عَزَّ وَجَلَّ مِنَ الْعَبْدِ جَوْفَ اللَّيْلِ الْآخِرَ، فَإِنِ اسْتَطَعْتَ أَنْ تَكُونَ مِمَّنْ يَذْكُرُ اللَّهَ عَزَّ وَجَلَّ فِي تِلْكَ السَّاعَةِ فَكُنْ، فَإِنَّ الصَّلَاةَ مَحْضُورَةٌ مَشْهُودَةٌ إِلَى طُلُوعِ الشَّمْسِ، فَإِنَّهَا تَطْلُعُ بَيْنَ قَرْنَيِ الشَّيْطَانِ، وَهِيَ سَاعَةُ صَلَاةِ الْكُفَّارِ فَدَعِ الصَّلَاةَ حَتَّى تَرْتَفِعَ قِيدَ رُمْحٍ وَيَذْهَبَ شُعَاعُهَا، ثُمَّ الصَّلَاةُ مَحْضُورَةٌ مَشْهُودَةٌ حَتَّى تَعْتَدِلَ الشَّمْسُ اعْتِدَالَ الرُّمْحِ بِنِصْفِ النَّهَارِ، فَإِنَّهَا سَاعَةٌ تُفْتَحُ فِيهَا أَبْوَابُ جَهَنَّمَ وَتُسْجَرُ فَدَعِ الصَّلَاةَ حَتَّى يَفِيءَ الْفَيْءُ، ثُمَّ الصَّلَاةُ مَحْضُورَةٌ مَشْهُودَةٌ حَتَّى تَغِيبَ الشَّمْسُ فَإِنَّهَا تَغِيبُ بَيْنَ قَرْنَيْ شَيْطَانٍ وَهِيَ صَلَاةُ الْكُفَّارِ .

تخريج دارالدعوه: تفرد به النسائي: (تحفة الأشراف: ١٠٧٦١)، وقد أخرجه: صحيح مسلم/المسافرين ٥٢ (٨٣٢) مطولاً، سنن ابی داود/الصلاة ٢٩٩ (١٢٧٧)، سنن الترمذی/الدعوات ١١٩ (٣٥٧٤)، (مختصراً)، سنن ابن ماجہ/إقامة ١٨٢ (١٣٦٤)، مسند احمد ٤/١١١، ١١٤ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 573 - صحيح

বাংলা

৫৭২. ’আমর ইবনু মানসূর (রহ.) ..... ’আমর ইবনু ’আবাসাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! এমন কোন সময় আছে কি যে সময়ে অন্য সময়ের তুলনায় আল্লাহ তা’আলার নৈকট্য লাভ করা যায়? অথবা এমন কোন সময় আছে কি আল্লাহর যিকরের জন্যে যে সময় বেশী মনোযোগী হওয়া যায়? তিনি বললেন, হ্যা! রাতের শেষ ভাগে আল্লাহ তা’আলা বান্দার খুব নিকটবর্তী হন। সম্ভব হলে তুমিও সে সময় আল্লাহর যিকরকারীদের সাথী হবে। কারণ ঐ সময়ের সালাতে মালায়িকা (ফেরেশতাগণ) উপস্থিত থাকেন এবং দেখে থাকেন আর এ অবস্থা সূর্যোদয় পর্যন্ত অব্যাহত থাকে। সূর্য শয়তানের দু’ শিংয়ের মাঝখান দিয়ে উঠে আর তা কাফিরদের ’ইবাদাতের সময়। কাজেই ঐ সময় সালাত আদায় করা হতে বিরত থাকবে, যতক্ষণ এক বল্লম বরাবর সূর্য উপরে না ওঠে এবং তার উদয়কালীন আলোকরশ্মি দূর না হয়। পুনরায় মালায়িকাহ্ সালাতে উপস্থিত হয়ে থাকেন এবং প্রত্যক্ষ করেন দ্বি-প্রহরে সূর্য বর্শার মতো সোজা না হওয়া পর্যন্ত। কারণ তা এমন একটি সময় যে সময়ে জাহান্নামের দরজা খুলে দেয়া হয় এবং তা আরো প্রজ্বলিত করা হয়। তখন ছায়া ঝুঁকে না পড়া পর্যন্ত সালাত আদায় করবে না। এরপর আবার সালাতে মালায়িকাহ্ উপস্থিত হয়ে থাকেন এবং প্রত্যক্ষ করেন সূর্যাস্ত পর্যন্ত। অতঃপর সূর্য শয়তানের দুই শিংয়ের মধ্যখানে অস্ত যায় আর তা কাফিরদের ইবাদাতের সময়।

## English

35. The Prohibition Of Praying After 'Asr

Abu Yahya Sulaim bin 'Amir, Damrah bin Habib and Abu Talhah Nu'aim bin Ziyad said: We heard Abu Umamah Al-Bahili say: 'I heard 'Amrah bin 'Abasah say: I said: 'O Messenger of Allah, is there any moment which brings one close to Allah than another, or any moment that should be sought out for remembering Allah? He said: 'Yes, the closest that the Lord is to His slave is in the last part of the night, so if you can be among those who remember Allah at that time, then do so. For prayer is attended and witnessed (by the angels) until the sun rises, then it rises between the two horns of the Shaitan, that is the time when the disbelievers pray, so do not pray until the sun had risen to the height of a spear and its rays have disappeared. Then prayer is attended and witness (by the angels) until the sun is directly overhead at midday, and that is the time when the gates of Hell are opened and it is stoked up. So do not pray until the shadows appear. Then prayer is attended and witnessed (by angels) until the sun sets, and it sets between the horns of a Shaitan, and that is the time when the disbelievers pray.'

ফুটনোট

সহীহ: মুসলিম ৮৩২, আবূ দাউদ ১২৭৭, তিরমিযী ৩৫৭৯, ইরওয়াউল গালীল ২/২৩৭, সহীহ আবূ দাউদ ১১৫৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবন আবাসা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86845

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন